গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

নম্বর ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.১০৯

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩০
২২ নভেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভা।**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা আগামী ২৭/১১/২০২৩ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় কমিটির আহবায়ক ও মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড মহোদয়ের সভাপতিত্বে বোর্ড প্রধান কার্যালয়, রাজশাহী এর মিনি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি,আই,সি) এর সকল সম্মানিত সদস্যকে উপস্হিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:
১. গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়িকরণ।
২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. প্রকল্পের অক্টোবর/২০২৩ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৪. ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের আওতায় এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৫. বিবিধ।

২২-১১-২০২৩
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৮৮৮-৫০৯৬২
ফ্যাক্স: ০২৫৮৮৮-৫৩৫৯২
ইমেইল: serajbsdb2012@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, আইএমইডি (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
২) সচিব, অর্থ বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।, সচিব,
৩) মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৪) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ , বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৫) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৬) পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৭) পরিচালক, সম্প্রসারণ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৮) সদস্য, সংশ্লিষ্ট উইং/সেক্টর, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯) সদস্য, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১০) প্রধান (সংযুক্ত), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ (উক্ত সভায় একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১১) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১২) প্রকল্প পরিচালক, "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প
১৩) প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
১৪) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
১৫) কেয়ার টেকার, প্রশাসন (সভায় আপ্যায়নের জন্য অনুরোধ করা হলো।)
১৬) স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড (জুম প্লাটফর্মের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)

১৭) পরিসংখ্যান কর্মকর্তা (চলতি দায়িত্ব), পরিকল্পনা শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড ( সহায়ক স্টাফ হিসেবে দায়িত্ব পালন করবেন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
www.bsb.gov.bd

**“বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কমিটির (পি,আই,সি) সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আনওয়ার হোসেন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৭/১১/২০২৩ |
| সভার সময় | ১১.০০ |
| স্থান | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-‘ক’তে সন্নিবেশিত করা হলো। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতিসহ সার্বিক বিষয়ের উপর প্রস্তুতকৃত কার্যপত্র উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব কে অনুরোধ জানান। সদস্য-সচিব বিগত ১৩/০৯/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তা পর্যালোচনা করা হয়। অতঃপর উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন আছে কি না তা জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, গত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত-১ অংশে ২৪০ জন চাষীর তালিকা অনুমোদন হয়। তিনি ২৪০ জনের ২৪০ বিঘা জমির তালিকা সংশোধনী গ্রহণ করে তা দৃঢ়ীকরণের জন্য অনুরোধ করেন। অতপর ২৪০ জনের ২৪০ বিঘা জমির তালিকা সংশোধনী গ্রহণ করে সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সদস্য সচিব জানান দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে “বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পটি ৪৯৭৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০২১ হতে জুন, ২০২৪ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি সরকার কর্তৃক অনুমোদিত হয়। এছাড়া তিনি আরো জানান, প্রকল্পটি গত ১৮/০৭/২০২১ তারিখে ২৯২নং স্মারকে অনুমোদিত হয়েছে। সভায় প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের শুরু থেকে অক্টোবর/২০২৩ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১২৮৬.৩৮৮ লক্ষ টাকা। যার আর্থিক অগ্রগতি ২৫.৮৭% এবং বাস্তব অগ্রগতি ৩৭%। চলতি ২০২৩-২৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ রয়েছে ১৩০০.০০ লক্ষ টাকা। ১ম কিস্তির ৩২৫.০০ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে এবং ২য় কিস্তির ৩২৪.০০ লক্ষ টাকার জি ও ০৯/১১/২৩ তারিখে ইস্যু হয়েছে । চলতি অর্থ বছরের অক্টোবর/২৩ মাস পর্যন্ত ২৫৭.০৭৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। যার আর্থিক অগ্রগতি ১৯.৭৮% এবং বাস্তব অগ্রগতি ২৫%।

প্রকল্প পরিচালক জানান, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে ‘‘বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের অর্থায়নে মাঠ পর্যায়ের কার্যালয় হতে ফার্মিং পদ্ধতিতে ২৪০ জন রেশম চাষী/উদ্যোক্তাদেরকে ২৪০ বিঘা জমিতে তুঁতচারা রোপণ করা হবে। এ পর্যন্ত ১৪৪ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ১৪৪ বিঘা জমিতে তুঁতচারা রোপণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৯৬ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ৯৬ বিঘা জমিতে ডিসেম্বর/২০২৩ মাসের মধ্যে তুঁতচারা রোপণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়া তিনি আরও বলেন চলতি ২০২৩-২৪ অর্থ বছরে এপিএ-র লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩.২৫ লক্ষ তুঁতচারা উৎপাদনের জন্য ৬৫ বিঘা জমিতে তুঁতকাটিংস রোপণ কার্যক্রম চলমান এবং একই অর্থবছরে ১,০০০ জন রেশম চাষীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ পর্যন্ত ১৮ টি ব্যাচে ৪৩৫ জন রেশম চাষী/উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ প্রদান সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৫৬৫ জন রেশম চাষী/উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ মে/২৪ মাসের মধ্যে প্রদান সম্ভব হবে। এ বছর প্রকল্পটির ৩ বছর পূর্ণ হবে যা চলতি অর্থবছরে মেয়াদ শেষ হবে কিন্তু প্রকল্পের ৫০% কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৫০% কাজ সম্পন্ন করণের জন্য ২ বছর মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। এ লক্ষ্যে কাজ চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ ০২(দুই) বছর বৃদ্ধি করা হলে চাষীদের ধরে রাখা এবং প্রকল্পের ১০০% কার্যক্রম সমাপ্ত করার জন্য অতিরিক্ত কোন অর্থের প্রয়োজন হবে না। নিম্নে আঞ্চলিক/জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয় ভিত্তিক প্রাপ্ত ২৪০ জন চাষীর ২৪০ বিঘা জমির তালিকা প্রদান করা হলো।

| প্রকল্প এলাকা | চাষীর সংখ্যা | জমির পরিমাণ |
|---|---|---|
| রংপুর সম্প্রসারণ এলাকা | ৪৫ জন | ৪৫ বিঘা |

| | | |
|---|---|---|
| রাজশাহী সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| ঢাকা সম্প্রসারণ এলাকা | ১৫ জন | ১৫ বিঘা |
| ভোলাহাট সম্প্রসারণ এলাকা | ৬০ জন | ৬০ বিঘা |
| ঠাকুরগাঁও সম্প্রসারণ এলাকা | ১২ জন | ১২ বিঘা |
| সিরাজগঞ্জ সম্প্রসারণ এলাকা | ৪৫ জন | ৪৫ বিঘা |
| বগুড়া সম্প্রসারণ এলাকা | ২৩ জন | ২৩ বিঘা |
| গোপালগঞ্জ সম্প্রসারণ এলাকা | ২০ জন | ২০ বিঘা |
| মোট | ২৪০ জন | ২৪০ বিঘা |

পরিকল্পনা মন্ত্রণালয়ের কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব মোঃ আলমগীর হোসেন, উপ প্রধান জানান ফার্মিং পদ্ধতিতে জমিতে তুঁতগাছ রোপণের স্থির চিত্র সভায় প্রদর্শন করায় তিনি প্রকল্প পরিচালককে ধন্যবাদ জানান। অর্থ বিভাগের প্রতিনিধি জনাব মো: রুহুল আমিন উপ সচিব জানান ফার্মিং পদ্ধতিতে নির্বাচিত জমি বর্তমানে কি অবস্থায় আছে তার উত্তরে প্রকল্প পরিচালক জানান, জমিগুলো উচু। বর্তমানে জমিতে বিভিন্ন ধরনের ফসল রয়েছে। ডিসেম্বর/২৩ মাসের মধ্যে ফার্মিং পদ্ধতিতে তুঁতচারা রোপন করা হবে। অতঃপর সভাপতি প্রকল্পের সার্বিক কার্যক্রম নিধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১। ফার্মিং পদ্ধতিতে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে তুঁতচাষের আওতায় ২৪০ জন রেশম চাষী/উদ্যোক্তাদের ২৪০ বিঘা জমির তালিকা অনুমোদন করা হলো;

২। ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ মোতাবেক শতভাগ কাজ বাস্তবায়ন করতে হবে;

৩। ২০২৩-২৪ অর্থ বছরের এপিএ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জন করতে হবে;

৪। চলতি ২০২৩রোপিত পদ্ধতিতে ফার্মিং অর্থবছরে ২৪- কিছু সংখ্যক রেশম চাষী/উদ্যোক্তাদের মোবাইল নং পরবর্তীত সভায় প্রদর্শন করতে হবে ।

৫। প্রকল্পের ০২ (দুই) বছর মেয়াদ বৃদ্ধির জন্য ১ম সংশোধনী প্রস্তাব জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি তথা মহাপরিচালক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-১২-২০২৩
মোঃ আনওয়ার হোসেন
মহাপরিচালক
০২৫৮৮৮-৫৫৮১৬ (ফোন)
০২৫৮৮৮-৫৩৫৯২ (ফ্যাক্স)
bsb.raj.bd@gmail.com

**নম্বর:** ২৪.০৬.০০০০.০১৩.১৪.০০২.২০.১৪২

তারিখ: ৩ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;

২। সচিব, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়;

৩। উপসচিব, পরিকল্পনা অধিশাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;

৪। পরিচালক, অর্থ ও পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;

৫। পরিচালক সম্প্রসারণ বিভাগ,, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;

৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা , বস্ত্র ও পাট মন্ত্রণালয়;

৭। প্রধান সংশ্লিষ্ট উইং/সেক্টর,, পরিকল্পনা কমিশন;

৮। প্রধান, প্রোগ্রামিং বিভাগ, পরিকল্পনা কমিশন;

৯। প্রধান, (সংযুক্ত) এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ;

১০। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), সম্প্রসারণ নিয়ন্ত্রণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড;

১১। নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড এবং

১২। পি,এ -টু-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।।

১৮-১২-২০২৩
ড. মোঃ সিরাজুর রহমান
উপপ্রধান পরিকল্পনা (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পিআইসি

# বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
## রাজশাহী

২৭/১১/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় পর্যায়)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের পিআইসি সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর/সংস্থা | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | এম. এ. মান্নান<br>পরিচালক, অর্থ ও পরিকল্পনা | BSDB | 01712101391 | [signature] |
| ২. | মোহাম্মদ আসাদুল বারী<br>পরিচালক সম্প্রসারণ | BSDB | ০১৭১৩ ২৫২৮৪২ | [signature] |
| ৩. | মো: রুহুল আমীন<br>উপসচিব অর্থ বিভাগ | অর্থ মন্ত্রণালয় | জুমে যুক্ত | |
| ৪. | | | | |
| ৫. | এ.বি.এম. মোস্তফা<br>সিনিয়র সহকারী সচিব | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ঐ | |
| ৬. | মো: আলমগীর হোসেন<br>উপপ্রধান কার্যক্রম বিভাগ | পরিকল্পনা কমিশন | ঐ | |
| ৭. | মো: আবু কায়েস আকন্দ<br>সিনিয়র সহকারী সচিব | এনইসি একনেক | ঐ | |
| ৮. | মো: হেলাল খান<br>মূল্যায়ন কর্মকর্তা | আই এম ই ডি | ঐ | |
| ৯. | মো: মাহবুবুর রহমান<br>প্রকল্প পরিচালক | বা রে উ বো | ০১৭২২৫২২৫৬৮ | [signature] |
| ১০. | ড. মো: মিজানুর রহমান<br>উপপ্রধান পরিকল্পনা কর্মকর্তা | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী | ০১৭১১৪৬০০৪০ | [signature] |
| ১১. | মোহাম্মদ সাইফুল্লাহ<br>প্রশিক্ষক (প্র. শা.) | ঐ | | [signature] |
| ১২. | মোসা: ফাতেমা খাতুন | বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী | 01731291957 | [signature] |
| ১৩. | মো: জামিল আহমেদ<br>PA to DG | ঐ | 01557163930 | [signature] |
| ১৪. | | | | |
| ১৫. | | | | |